**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-08-2025**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Agneeveer Recruitment Rally :

আগরতলা স্বামী বিবেকানন্দ ময়দানে গতকাল থেকে রাজ্যে সেনাবাহিনীতে চলতি বছরের অগ্নিবীর নিয়োগ অভিযান শুরু হয়েছে। চলবে আগামী ২৩শে আগস্ট পর্যন্ত। অনলাইনে আবেদনের ভিত্তিতে জুলাই মাসে নেওয়া লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রায় ৭০০ জনকে এই নিয়োগ রেলিতে ডাকা হয়েছে| আর্মি রিক্রুট অফিস, শিলচরের অধিকর্তা কর্নেল রাকেশ ডোগরা এ সংবাদ জানিয়েছেন।

***************

## Mukhyamantri Samipeshu :

মুখ্যমন্ত্রী সমীপেষুর গতকাল ৫২তম পর্ব অনুষ্ঠিত হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা এই পর্বে রাজ্যের বিভিন্ন জেলা থেকে আগত নাগরিকদের সমস্যা শুনে তাৎক্ষনিক আয়ুষ্মান কার্ডের ব্যবস্থা করার এবং জিবি হাসপাতালে বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশ দেন

## IIM-Guwahati :

রাজ্যসভায় ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ ম্যানেজমেন্ট (সংশোধনী) বিল, ২০২৫ গতকাল পাশ হয়েছে। বিল প্রসঙ্গে আলোচনার জবাবে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, নরেন্দ্র মোদী সরকার দেশের শিক্ষার্থীদের জন্য নতুন নতুন প্রতিষ্ঠান এবং সুযোগ তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, সরকার

ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ ম্যানেজমেন্টকে গুরুত্বপূর্ণ জাতীয় প্রতিষ্ঠানের মর্যাদা দিয়েছে।

এর আগে বিলটি উত্থাপন করে শ্রী প্রধান বলেন, বিলটি দেশের উত্তর-পূর্ব অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র আসামের গুয়াহাটিতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট প্রতিষ্ঠার উদ্দেশ্যে আনা হয়েছে।

#######Byte- Dharmendra Pradhan######

**LS Passes Online Gaming Bill-2025 :**

লোকসভায় অনলাইন গেমিং সংক্রান্ত ২০২৫-এর প্রচার ও নিয়ন্ত্রণ বিল গতকাল পাস হয়েছে। বিলটি ই-স্পোর্টস এবং অনলাইন সোশ্যাল গেমগুলিকে উৎসাহিত করা এবং ক্ষতিকারক অনলাইন মানি গেমিং পরিষেবাগুলিকে নিষিদ্ধ করতেই আনা হয় ।এতে এই ক্ষেত্রের সমন্বিত নীতি সহায়তা, কৌশলগত উন্নয়ন এবং নিয়ন্ত্রণ গত তত্ত্বাবধানের জন্য একটি অনলাইন গেমিং কর্তৃপক্ষ নিয়োগের বিধান রয়েছে। বিলটি যুবসমাজ এবং দুর্বল জনগোষ্ঠীসহ সমাজের বিভিন্ন অংশের মানুষকে এই ধরনের গেমের প্রতিকূল প্রভাব থেকে রক্ষা করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে | কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব উল্লেখ করেন যে অনলাইন মানি গেমিং সমাজে একটি গুরুতর উদ্বেগের বিষয় কারণ এটি আসক্তি তৈরি করে যা আর্থিক জালিয়াতি এবং প্রতারণার দিকে পরিচালিত করে।

**********************

**Bill Submited to table.**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল লোকসভায় সংবিধানের একশ ত্রিশতম সংশোধনী বিল, ২০২৫, ইউনিয়ন টেরিটরি সংশোধন বিল, ২০২৫, এবং জম্মু ও কাশ্মীর পুনর্গঠন সংক্রান্ত সংশোধন বিল, ২০২৫ উপস্থাপন করেন। এই

বিলগুলোকে আরও বিশ্লেষনের জন্য সংসদের যৌথ কমিটিতে প্রেরণ করার সুপারিশ করা হয়।

**********

**Agni 5 Test fired** ..

ভারত গতকাল ওড়িশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে মাঝারি পাল্লার পারমাণবিক ক্ষেপণাস্ত্র 'অগ্নি ৫' এর সফল পরীক্ষা করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় একটি বিবৃতিতে জানিয়েছে যে উৎক্ষেপণটি সমস্ত কার্যকরী এবং প্রযুক্তিগত সক্ষমতা প্রমাণ করেছে। উৎক্ষেপণটি স্ট্র্যাটেজিক ফোর্সেস কমান্ডের তত্ত্বাবধানে পরিচালিত হয়েছে |

*************

**ADHAAR. (UIDAI)..**

আধার ভিত্তিক গ্রাহক সনাক্তকরন পদ্ধতি নির্বিঘ্নভাবে সম্পন্ন করতে, ভারতের ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি (UIDAI) একটি বেসরকারি স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদানকারী সংস্থা স্টারলিঙ্কের সঙ্গে সহযোগিতায় আবদ্ধ হয়েছে। কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় গতকাল এক বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে যে একটি বিশ্বব্যাপী স্যাটেলাইট ইন্টারনেট প্রদানকারী সংস্থার দ্বারা আধার প্রমাণীকরণের ব্যবহার ভারতের ডিজিটাল অবকাঠামোর পরিসর, সচ্ছতা এবং নির্ভরযোগ্যতাকে বৃদ্ধি করবে।

*****************

**HIV/AIDS**.

ফটিকরায় আম্বেদকর কলেজে রেড রিবন ক্লাবের উদ্যোগে ও ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির পৃষ্ঠপোষকতায় গতকাল এইডস ও মানসিক স্বাস্থ্য নিয়ে

এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। অন্য বক্তারা ছিলেন কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা, চিকিৎসক ডাঃ আর. এন চক্রবর্তী, ডাঃ অমিতাভ দেব প্রমুখ।

******************

**Lalan Foundation :**

লালন ও ফোক কালচারাল ফাউন্ডেশন এর উদ্যোগে আগামী ২২ ও ২৩শে আগস্ট দুদিনব্যাপী লালন ও ফোক ফেস্টিবল আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে। গতকাল  আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে সংগঠনের সম্পাদক পরেশ সরকার একথা জানিয়েছেন। তিনি জানান, ত্রিপুরা ও কলকাতার প্রায় শতাধিক শিল্পী এই উৎসবে বাউল সংগীত পরিবেশন করবেন।

*******************

**Deputation :**

মনিপুরী ভাষা শিক্ষক নিয়োগ সহ বেশ কয়েকটি দাবি নিয়ে ত্রিপুরা মনিপুরী স্টুডেন্ট ইয়ুথ কোর্ডিনেশন কমিটি গতকাল  বিদ্যালয় শিক্ষা অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করে। উল্লেখযোগ্য দাবির মধ্যে ছিল অবিলম্বে মণিপুরী ভাষা শিক্ষক নিয়োগ করা এবং মণিপুরী ভাষার পরিকাঠামো উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

*************

**Sadbhabana Diwas :**

ভারত সরকারের "মাই ভারত" সংগঠনের উদ্যোগে ও পুষ্পরাজ ক্লাবের সহযোগিতায় গতকাল  কৈলাশহরের বাবুরবাজারের পুষ্পরাজ একাডেমী প্রাঙ্গণে "সদভাবনা দিবস" পালিত হয়। বক্তারা দিবসটির তাৎপর্য উল্লেখ করে ভ্রাতৃত্ববোধ রক্ষার উপর গুরুত্বারোপ করেন।

************************

**প্রথম ডিভিশন :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৪-৩ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে হারিয়ে দেয়।

*****************

**স্পোর্টস স্কুল জয়ী:**

দিল্লীতে সুব্রত মুখার্জি কাপ জাতীয় স্কুল ফুটবলের অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুল গ্রুপের প্রথম ম্যাচে জয়লাভ করেছে। গতকাল তেজশ পার্ক মাঠে ত্রিপুরা স্পোর্টস স্কুল ৪-0 গোলে আর্মি স্কুল দলকে হারিয়ে দেয়।

****************

**Weather** .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে,  আকাশ আজ সাধারণত মেঘলা থাকবে।  বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে।  দক্ষিণ জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টি পাতের সতর্কতা দেওয়া হয়েছে।  আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছি ল ২৫.৮ ডিগ্রি

সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।  গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ১.২ মিলিমিটার।

**************

**********